

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা
www.munshiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.০০০.০০০.৪২.০০১২.২৫.২৯

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা ভিত্তিক (১ম ও ২য় পর্যায়) বরাদ্দের বিপরীতে টংগিবাড়ী
উপজেলায় গৃহীত প্রকল্পের অনুকূলে নগদ অর্থ এবং খাদ্যশস্য গম উপবরাদ্দ প্রদান

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০১.২৫.১৬, তারিখ: ১৫/০১/২০২৫

২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টংগিবাড়ী এর পত্র নং-৫১.০১.৫৯৯৪.০০০.০৪.০০১.২৫.৪৩ তারিখ: ১১/০২/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ০১ নং পত্রে ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা ভিত্তিক (১ম ও ২য় পর্যায়) টংগিবাড়ী উপজেলার অনুকূলে ১,০৫,৮৬,৯০০.০৯ (এক কোটি পাঁচ লক্ষ ছিয়াশি হাজার নয়শত দশমিক শূন্য নয়) টাকা এবং ৭৫.৬২০৭ (পঁচাত্তর দশমিক ছয় দুই শূন্য সাত) মে.টন গম বরাদ্দ পাওয়া যায়। সূত্রোক্ত ০২ নং পত্রে প্রাপ্ত উল্লিখিত উপজেলার প্রকল্প সমূহ জেলা কর্তৃক কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে নিম্নলিখিত শর্ত মোতাবেক বর্ণিত পরিমাণ নগদ অর্থ এবং খাদ্যশস্য গম নিম্নোক্তভাবে উপবরাদ্দ প্রদান করা হলো।

ক্র:নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
০১	বেতকা	৫	দক্ষিণ বেতকা মামুদাদপুর পাকা রাস্তা হতে বিল্লাল মাদবরের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৩,০০,০০০/-
০২	বেতকা	৫	দক্ষিণ বেতকা চন্দ্রপাড়া খানকা শরিফ হতে শহীদ হাওলাদারের বাড়ী হয়ে সুমুরদিন শেখের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৩,৪৪,৬০০/-
০৩	আব্দুল্লাপুর	৯	বেতকা-টংগিবাড়ী রোডের বটতলা হতে সাঈদ মিয়াবর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার ও ইট সলিং করণ।	২,০০,০০০/-
০৪	আব্দুল্লাপুর	৮	দক্ষিণ পাকইপাড়া মালেক দস্তীর বাড়ী হতে আবুল দস্তীর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার ও আরসিসি করণ।	২,৩৯,৯০০/-
০৫	সোনারং টংগিবাড়ী	৬	টংগিবাড়ী উপজেলা শিশু পার্কের নিচু জায়গায় মাটি ভরাট।	১২,০০,০০০/-
০৬	সোনারং টংগিবাড়ী	১	পশ্চিম সোনারং ক্লাব হতে মোঃ আজিজ মিজি (সাবেক মেম্বর) বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৪,৮৮,৪০০/-


০৭	আউটশাহী	৬	টংগিবাড়ী বালিগাও পাকা রাস্তার বলই জয়নাল দফাদারের বাড়ী হতে পশ্চিম বলই কবরস্থান পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	২,৯১,১০০.০৯
০৮	আউটশাহী	২	দোরাবতী সরকারী প্রাঃবিদ্যালয় হতে আজিজ ঢালীর বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাসহ আরসিসি করণ।	৩,০০,০০০/-
০৯	বালিগাও	৭	চাষি বালিগাও শামসুদ্দিন শেখের বাড়ী হতে মোসলেম মালের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃনির্মাণ।	২,০০,০০০/-
১০	বালিগাও	৬	নয়াগাঁও মানিক বেপারীর বাড়ী হতে দর্জি বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কারসহ ইট সলিং করণ।	২,৫২,৮০০/-
১১	ধীপুর	১	ধীপুর শাহী রাস্তা সংলগ্ন রাজ্জাকিয়া মাদ্রাসা হতে ধীপুর নাসির শেখের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ ও পুনঃ নির্মাণ।	৫,২৯,২০০/-
১২	ধীপুর	৯	নয়ানন্দ আমিনুল তালুকদারের বাড়ী যাতায়াতের রাস্তা নির্মাণ।	৩,০০,০০০/-
১৩		১	ধীপুর বারেক বেপারীর বাড়ী হতে মোবারকের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	৩,০০,০০০/-
১৪	কাঠাদিয়া শিমুলিয়া	৭	বিওনিয়া পাকা রাস্তা হতে জাহাঙ্গীর মোল্লার বাড়ী হয়ে পশ্চিম ধামারন জামে মসজিদ পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৩,০০,০০০/-
১৫	কাঠাদিয়া শিমুলিয়া	৪	কাঠাদিয়া ৪নং ওয়ার্ডের পাকা রাস্তার ক্লাব হতে ইসলাম মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন।	২,১৭,০০০/-
১৬	যশলং	৬	নয়াকান্দি আনিছ দেওয়ানের বাড়ী হতে মোফাজ্জল সরদারের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৪,০০,০০০/-
১৭	যশলং	১	দক্ষিণ বাঘিয়া আমির বকাউল এর পুকুর পাড় হতে পুরা মোল্লা বাড়ী হয়ে শিকদার বাড়ী পাকা রাস্তা পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৩,০৫,৫০০/-
১৮	কামারখাড়া	৪	বাইনখাড়া প্রধান সড়ক হতে বাইনখাড়া আবুল কাশেম শেখের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কারসহ ইটের সলিং করণ।	৪,০০,০০০/-

১৯	কামারখাড়া	৪	বাইনখাড়া বাদশা মাদবরের বাড়ী হতে দেলোয়ার শেখের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	২,৬৯,২০০/-
২০	পাঁচগাও	১	পাঁচগাও আলহাজ্ব ওয়াহেদ আলী দেওয়ান উচ্চ বিদ্যালয়ের মাঠ ভরাট।	৫,৩৮,০০০/-
২১	হাসাইল বানারী	৮	বানারী মাহুজ ঢালীর বাড়ী হতে বিজু মিস্যার বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৬,৫৬,১০০/-
২২	হাসাইল বানারী	৭	হাসাইল আশ্রয়ন প্রকল্প হতে কাদির বেপারীর বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৮,০০,০০০/-
২৩	দিঘিরপাড়	১	দাদন গাজীর বাড়ী হতে হালিম ফকিরের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৬,০০,০০০/-
২৪	দিঘিরপাড়	৩	কান্দারবাড়ী মেইন রোড হতে পশ্চিমরাখী আশ্রয়ন প্রকল্প পর্যন্ত রাস্তা নির্মাণ।	৬,৩৩,০০০/-
২৫	আড়িয়ল	৭	কুরমিরা মেইন রাস্তা আবুল শেখের বাড়ী হতে কাইয়ুম ভান্ডারের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	৩,২২,১০০/-
২৬	আড়িয়ল	১	আড়িয়ল ১নং সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মেইন রাস্তা হতে দুলাল ছৈয়ালের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	২,০০,০০০/-
মোট=				১,০৫,৮৬,৯০০.০৯ (এক কোটি পাঁচ লক্ষ ছিয়াশি হাজার নয়শত দশমিক শূন্য নয়) টাকা
২৭	যশলং	১	হাজী আ: গনি আ: করিম উচ্চ বিদ্যালয়ের মাঠ ভরাট।	১২.০০০ মে.টন গম
২৮	পাঁচগাও	১	পাঁচগাও বাজার হতে চাঠাতিপাড়া মন্ডল বাড়ী ব্রীজ পর্যন্ত রাস্তা সংস্কার।	১২.০০০ মে.টন গম
২৯	হাসাইল বানারী	৬	মান্দ্রা কাঠের পুল হতে হাজেরা মেস্বারের বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	১৮.৬২০৭ মে.টন গম
৩০	আউটশাহী	৯	কাইচাইল কুন্ডবাড়ী হতে মিলন খালাসীর বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ।	১৫.০০০ মে.টন গম

৩১	সোনারং টংগিবাড়ী	৭	আমতলী গাঙ্গুলী বাড়ী হতে টংগিবাড়ী আইডিয়াল মাদরাসা পর্যন্ত রাস্তা সংস্কার।	১২.০০০ মে.টন গম
৩২	ধীপুর	২	ব্রাহ্মনভিটা ইউনিয়ন উচ্চ বিদ্যালয় মাঠ ভরাট।	৬.০০০ মে.টন গম
মোট =				৭৫.৬২০৭ (পঁচাত্তর দশমিক ছয় দুই শূন্য সাত) মে.টন গম

শর্তাবলী:

- ১। ২০২৪-২০২৫ অর্থবছরে ১ম ও ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন আগামী ১৫/০৩/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
- ২। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ ও বরাদ্দ পত্রের শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৩। এ ব্যয় বাজেট কোড ১৪৯০১০১- ২১১০০০৩০০- ৩৭২১১০১ (টাকা) এবং ১৪৯০১০১- ২১১০০০২০৩- ৩৭২২১০২ (গম) খাত হতে নির্বাহ করা হবে।
- ৪। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলকভাবে করতে হবে। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে ও ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করে রাখতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।
- ৫। প্রকল্পের গুণগতমান বজায় রাখার স্বার্থে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার-কে নিয়মিত প্রকল্প পরিদর্শন করতে হবে।
- ৬। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৭। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু করতে হবে। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান করতে হবে।
- ৮। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত নগদ অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে।
- ৯। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন অত্রাফিসের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখায় প্রেরণ করতে হবে।
- ১০ চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে এবং উহার অনুলিপি অত্রাফিসের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখায় প্রেরণ করতে হবে।
- ১১। নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।
- ১২। উপবরাদ্দ পত্রসহ প্রকল্প তালিকা উপজেলা তথ্য বাতায়নে আপলোড করতে হবে।



০৪-০৩-২০২৫
ফাতেমা তুল জাম্মাত
জেলা প্রশাসক
০২-৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd


উপজেলা নির্বাহী অফিসার
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.০০০.০০০.৪২.০০১২.২৫.২৯/১ (৯)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, দুর্ঘোণ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মুন্সীগঞ্জ।
- ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সীগঞ্জ (উপবরাদ্দ পত্রটি জেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)।
- ৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ (উপবরাদ্দ পত্রটি উপজেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)।



০৪-০৩-২০২৫
ফাতেমা তুল জাম্মাত
জেলা প্রশাসক